তারিখ : 13 MAY 2016
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ ...

সমকাল

# অনিক ও হৃদয়কে প্রধানমন্ত্রীর অভিনন্দন

■ বাসস

এসএসসি পরীক্ষায় জিপিএ ৫ পাওয়া ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের ছাত্র মিনহাজুল ইসলাম অনিক ও শাহরিয়ার হৃদয়কে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রীর অভিনন্দন বার্তা পেয়ে অনিক ও হৃদয় আবারও অভিভূত ও কৃতজ্ঞ।

এর আগে ২০১৫ সালের ৫ জানুয়ারি বিএনপি-জামায়াতের সহিংস জ্বালাও-পোড়াও আন্দোলনে বোমা হামলায় আহত এ দুই ছাত্র প্রধানমন্ত্রীর তদারকিতে চিকিৎসায় সুস্থ হয়ে ওঠে এবং জীবন-সংগ্রামে এগিয়ে যাওয়ার প্রেরণা খুঁজে পায়।

শেখ হাসিনার সহৃদয় চিকিৎসা সহায়তায় সুস্থ হয়ে এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়ে অনিক ও হৃদয় জিপিএ ৫ লাভ করে। তাদের এই কৃতিত্বের সংবাদ শুনে আনন্দে আপ্লুত হয়ে অনিক ও হৃদয়কে অভিনন্দন বার্তা পাঠিয়েছেন শেখ হাসিনা। এই শুভেচ্ছা বার্তা পেয়ে

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## অনিক ও হৃদয়কে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

আবেগাপ্লুত কৃতী এ দুই শিক্ষার্থী ও তাদের পরিবার প্রধানমন্ত্রীর প্রতি তাদের কৃতজ্ঞতা প্রকাশ করে।

প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন গতকাল বৃহস্পতিবার এ কথা জানান।

গতকাল সকালে হৃদয়, অনিক এবং তাদের পরিবারের সঙ্গে কথা বলেন ডা. জুলফিকার লেনিন। তিনি প্রধানমন্ত্রীর খুশি হওয়ার সংবাদ ও শুভেচ্ছা বার্তা তাদের কাছে পৌঁছে দেন। তারাও লেনিনের মাধ্যমে প্রধানমন্ত্রীকে তাদের কৃতজ্ঞতা ও আনন্দ এবং তার সুস্বাস্থ্য সাফল্য কামনা করেন।